

## ইচ্ছাপত্র

যবে এ জীবন যাবে চলে  
সমাধি শায়িত করিও আমায়,  
সীমাহীন স্তেপ-ভূমি কোলে,  
আমার প্রিয় উক্রাইনায়,  
দেখি যেন প্রশস্ত ক্ষেত প্রান্তের পরিধি,  
ঋজু উচ্চশির উপগিরি, যেন শুনি,  
কলরবে ছলছল ঐ দ্বীপ্রো নদী,  
তোলে কেমন জলদগন্তীর ধ্বনি।  
যেদিন উক্রাইন হতে নির্গত  
বিষাক্ত যত শত্রু শোগিত  
হবে নীল সাগরে বিসর্জিত... আমি সেই দিন  
এই ক্ষেত, পর্বত করে পরিত্যাগ –  
যাব চলে অনন্তের পারে  
হয়ে ঈশ্বরের সম্মুখে আসীন  
মগ্ন হব সাধনায়.... তার আগে আমি  
জানি না মানি না ঈশ্বর ততদিন।  
দিয়ে সমাধি আমায়, হোক জন-জাগরণ,  
ছিন্ন করে এ দাসত্ব শৃঙ্খল  
অমিত্রের রক্তকণা হোক না ভূষণ  
মুক্তির বিজয়পথে সমুজ্জ্বল।  
এ মানব জমীনের বিশাল অস্বয়,  
নূতনের স্পর্শে সিক্ত, মুক্ত পরিবারে,  
মনে রেখো ভুলো না আমায়  
কোমল দু-কথায় শান্ত ধীর স্বরে।

ইউক্রেনের মহাকবি তারাস শেভচেঙ্কোর লেখা “ইচ্ছাপত্র”

বাংলা অনুবাদ – মৃদুলা ঘোষ

«Заповіт» Тараса Шевченка  
Переклад бенгальською мовою Мрідули Гош